# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date: 23.07.2024 Time: 7.50 P.M.**

-

বিশেষ বিশেষ খবর –

১/ ২০২৪-২৫ অর্থবর্ষের সাধারণ বাজেটে উৎপাদনশীলতা, চাকরী, সামাজিক ন্যায়, পরিকাঠামো সহ ৯'টি ক্ষেত্রকে অগ্রাধিকার দেওয়া হয়েছে।

# কর্মসংস্থান ও দক্ষতা বৃদ্ধির পাঁচটি প্রকল্পের কথা ঘোষণা করেছেন অর্থমন্ত্রী।

২/ নতুন কর ব্যবস্থায় 'স্ট্যান্ডার্ড ডিডাকশন' বেড়ে হচ্ছে ৭৫ হাজার টাকা।

৩'লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ে কোনো কর দিতে হবে না।

৩/ প্রধানমন্ত্রী বলেছেন এই বাজেট, সমাজের প্রতিটি স্তরে ক্ষমতায়নে সহায়ক হবে। অন্যদিকে বিরোধীরা একে 'কুর্শি বাঁচানোর বাজেট' আখ্যা দিয়েছেন।

# বাজেটকে স্বাগত জানিয়েছে শিল্প ও বণিক মহল।

৪/ সাম্প্রতিক বিধানসভা উপনির্বাচনে জয়ী চার প্রার্থী আজ বিধায়ক হিসেবে শপথ নিয়েছেন।

# অধ্যক্ষের শপথ বাক্য পাঠ করানোকে সমর্থন জানিয়ে মুখ্যমন্ত্রী, রাজ্যপালের ভূমিকার কড়া সমালোচনা করেছেন।

৫/ এবছর পুজো কমিটিগুলিকে অনুদান বাবদ ৮৫ হাজার টাকা দেবে রাজ্য সরকার। আগামী বছর এই পরিমাণ বেড়ে হবে এক লক্ষ।

*****************************************************************

২০২৪-২৫ অর্থবর্ষের সাধারণ বাজেটে উৎপাদনশীলতা, চাকরী, সামাজিক ন্যায়, নগরোন্নয়ন, জ্বালানি নিরাপত্তা, পরিকাঠামো ও সংস্কার- এই ৯’টি ক্ষেত্রকে অগ্রাধিকার দেওয়া হয়েছে।

আজ লোকসভায় এই বাজেট পেশ করেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ। এই নিয়ে টানা সাতবার বাজেট পেশ করে ইতিহাস গড়লেন তিনি। NDA সরকারের তৃতীয় দফায় এটি ছিল তাঁর প্রথম বাজেট।

কর্ম সংস্থানের জন্য আগামী পাঁচ বছরে ২’লক্ষ কোটি টাকা বরাদ্দের কথা ঘোষণা করেন অর্থমন্ত্রী।

( বাইট- FM ইউথ ৭.৫০ )

কর্ম সংস্থান ও দক্ষতা বৃদ্ধির পাঁচটি প্রকল্পের কথা জানিয়ে শ্রীমতী সীতারামণ বলেন, সংগঠিত ক্ষেত্রে আরো বেশী কর্ম সংস্থান তৈরী হবে।

( বাইট- FM স্কিম ৭.৫০ )

শিক্ষা, কর্ম সংস্থান এবং দক্ষতা বৃদ্ধি খাতে বাজেটে বরাদ্দ হয়েছে এক লক্ষ ৪৮ হাজার কোটি টাকা।

মধ্যবিত্ত শ্রেণীকে কিছুটা স্বস্তি দিয়ে অর্থমন্ত্রী নতুন কর ব্যবস্থায় ‘স্ট্যান্ডার্ড ডিডাকশন’ ৫০ হাজার থেকে বাড়িয়ে ৭৫ হাজার টাকা করার কথা ঘোষণা করেছেন।

৩’লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ে কোনো কর দিতে হবেনা। ৩’ থেকে ৭’লক্ষ টাকা পর্যন্ত আয়ে করের হার হবে ৫ শতাংশ। ৭’ থেকে ১০ লক্ষ টাকা পর্যন্ত-১০ শতাংশ। ১০ থেকে ১২ লাখ পর্যন্ত-১৫ এবং ১৫ লাখের ওপরে ৩০ শতাংশ হারে কর দিতে হবে। নতুন ব্যবস্থায় বেতনভোগীদের কর কমবে সাড়ে ১৭ হাজার টাকা।

স্টার্ট আপ-এর ক্ষেত্রে বিনিয়োগ বাড়াতে ‘এঞ্জেল ট্যাক্স’ তুলে দেওয়া হয়েছে।

‘ক্যাপিটাল গেইন্‌স’ ট্যাক্স, স্বল্পমেয়াদী ক্ষেত্রে ১৫ শতাংশ থেকে বাড়িয়ে করা হয়েছে ২০ শতাংশ। দীর্ঘমেয়াদী ‘ক্যাপিটাল গেইন্‌স’ ট্যাক্স দিতে হবে ১২ দশমিক ৫’শতাংশ হারে। নিম্ন ও মধ্য আয়ের শ্রেণীর সুবিধার্থে এই করে ছাড়ের উর্ধ্বসীমা বাড়িয়ে বছরে এক লক্ষ ২৫ হাজার টাকা করা হয়েছে।

ই-কমার্সে TDS বা উৎসমূলে করের হার কমছে। সময়মতো TDS না দিলে তা’ আর অপরাধ হিসেবে গণ্য হবে না।

পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খন্ড, ওড়িশা ও অন্ধ্রপ্রদেশকে নিয়ে ‘পূর্বোদয়’ প্রকল্পের কথা ঘোষণা করেন অর্থমন্ত্রী।

(বাইট- FM পূর্বোদয় ৭.৫০ )

কলকাতা-অমৃতসর শিল্প করিডর পূর্ব ভারতে শিল্প সহায়ক হয়ে উঠবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অন্ধ্রপ্রদেশ ও বিহারের জন্য বাজেটে রয়েছে একগুচ্ছ উন্নয়ন প্রকল্প।

বন্যা নিয়ন্ত্রণে বিহার, আসাম, হিমাচল প্রদেশ, উত্তরাখন্ড ও সিকিমের জন্য অর্থ বরাদ্দের কথাও জানিয়েছেন শ্রীমতী সীতারামণ।

কর্মক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ বাড়াতে দক্ষতা বৃদ্ধির নির্দিষ্ট প্রকল্প সহ একাধিক প্রস্তাব রয়েছে বাজেটে।

কৃষিক্ষেত্রে ১’লক্ষ ১৫ হাজার কোটি টাকা বরাদ্দের কথা জানিয়ে অর্থমন্ত্রী ঘোষণা করেন, এক কোটি কৃষককে ২ বছরের মধ্যে প্রাকৃতিক চাষে নিয়ে আসা হবে।

দারিদ্র দূরীকরণ, সৌরশক্তির প্রসারে ‘প্রধানমন্ত্রী সূর্যঘর’, পরিবেশ অনুকূল জ্বালানি সহ সব ক্ষেত্রকেই এই বাজেটে গুরুত্ব দেওয়া হয়েছে।

২০২৪-২৫ অর্থবর্ষের বাজেট বরাদ্দের পরিমাণ ৩’লক্ষ ১০ হাজার কোটি টাকা।

************************

বাজেটে অর্থমন্ত্রীর শুল্ক হ্রাসের ঘোষণায় ক্যান্সারের ওষুধ, মোবাইল ফোন, সোনা-রূপো-প্ল্যাটিনাম, চর্মজাত পণ্য, সৌরবিদ্যুতের সরঞ্জাম ও সামুদ্রিক খাদ্যের দাম কমছে।

অন্যদিকে, অ্যামোনিয়াম নাইট্রেট, নষ্ট করা যায়না এমন প্লাস্টিক ও টেলিকম সামগ্রীর সীমা শুল্ক বৃদ্ধির প্রস্তাবে, দাম বাড়বে এইসব জিনিষের।

****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০২৪-২৫ এর কেন্দ্রীয় বাজেট, সমাজের প্রতিটি স্তরের ক্ষমতায়নের জন্য সহায়ক হবে। গ্রামবাসী, সমাজের দুর্বল শ্রেনী এবং কৃষকদের বিকাশের পথে এগিয়ে নিয়ে যাবে এই বাজেট।

( বাইট- মোদী )

অন্যদিকে, বিরোধীরা এই বাজেটকে ‘কুর্শি বাঁচাও বাজেট’ বলে বর্ণনা করেছেন।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে বলেছেন, বাজেটে মধ্যবিত্ত, নিম্নবিত্ত ও অনগ্রসর শ্রেণীর জন্য কিছুই নেই।

( বাইট- খাড়গে )

তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কেন্দ্রীয় বাজেটকে দিশাহীন, জনবিরোধী এবং গরিব বিরোধী আখ্যা দিয়ে দাবি করেছেন, এই বাজেটে সাধারণ মানুষের কোনো সুবিধা হবে না। একটি রাজনৈতিক দলের স্বার্থসিদ্ধির জন্য এই বাজেট করা হয়েছে এবং তা পুরোপুরি রাজনৈতিক পক্ষপাতদুষ্ট। প্রতিবেশী সিকিম, বিহারকে বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পে টাকা দেওয়া হলেও একই রকম সমস্যায় থাকা উত্তরবঙ্গকে বঞ্চিত করা হয়েছে। ১০০ দিনের কাজ আবাস যোজনা সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে কেন্দ্রের কাছে রাজ্য সরকারের বিপুল পরিমাণ বকেয়া থাকলেও তা নিয়ে বাজেটে একটি কথাও নেই। সমস্ত ক্ষেত্রেই রাজ্যকে বঞ্চিত করা হয়েছে বলে মুখ্যমন্ত্রীর অভিযোগ।

( বাইট- মমতা )

এদিকে, কেন্দ্রের বাজেটে দেশে দারিদ্র দূরীকরণে স্থায়ী এবং দীর্ঘমেয়াদী সমাধানের চেষ্টা সফলভাবে করা হয়েছে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিশিষ্ট অর্থনীতিবিদ, বিধায়ক অশোক লাহিড়ী বলেন, এর ফলে দেশের দরিদ্র মানুষ বিশেষভাবে উপকৃত হবেন। দারিদ্র স্থায়ীভাবে দূর করতে বিনিয়োগ বৃদ্ধি করা হয়েছে। কর্মসংস্থান বৃদ্ধিরও উদ্যোগ নেওয়া হয়েছে। বিহার ও অন্ধ্রপ্রদেশের জন্য বিশেষ ঘোষণা করা হলেও পশ্চিমবঙ্গকে বঞ্চিত করা হয়েছে বলে যে অভিযোগ করা হয়েছে, সে প্রসঙ্গে শ্রী লাহিড়ী বলেন, পশ্চিমবঙ্গে কোন প্রকল্প নেই।

( বাইট- অশোক লাহিড়ী )

**শিল্প ও বণিক মহল** বাজেটকে স্বাগত জানিয়েছে। 'ভারত চেম্বার অফ কমার্সে'র সেক্রেটারি অভীক রায় বলেছেন, এই বাজেট কর্মসংস্থানমুখী।

( বাইট- অভীক রায় )

অর্থনীতিবিদ অজিতাভ রায়চৌধুরী'ও বাজেটের প্রশংসা করেছেন।

( বাইট- অজিতাভ )

*************************

সাম্প্রতিক বিধানসভা উপনির্বাচনে জয়ী চার প্রার্থী, সুপ্তি পান্ডে, মধুপর্ণা ঠাকুর, কৃষ্ণ কল্যানী ও মুকুটমণি অধিকারী আজ বিধায়ক হিসাবে শপথ নিয়েছেন। বিধানসভায় অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় তাঁদের শপথ বাক্য পাঠ করান।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি'ও অধিবেশনে উপস্থিত ছিলেন।
শপথ গ্রহণ অনুষ্ঠানে বিরোধী পক্ষের ISF বিধায়ক যোগ দিলেও বিজেপির কেউ ছিলেন না।

এরপর ন্যাশনাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট নিট নিয়ে আলোচনার জন্য সরকার পক্ষের তরফে অধিবেশনে একটি প্রস্তাব উত্থাপন করেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। আগামীকাল এর ওপরে দু ঘণ্টা আলোচনা হবে।

*************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, রাজ্যপাল সিভি আনন্দ বোসকে তাঁর সাংবিধানিক সীমাবদ্ধতার কথা স্মরণ করিয়ে নিজের এক্তিয়ারের মধ্যে থাকার পরামর্শ দিয়েছেন। বিধানসভায় আজ চার নবনির্বাচিত বিধায়কের শপথ গ্রহণ অনুষ্ঠানের পর তিনি সাম্প্রতিক উপনির্বাচনে জয়ী প্রার্থীদের শপথ গ্রহণ নিয়ে উদ্ভূত জটিলতার প্রসঙ্গে রাজ্যপালের ভূমিকার তীব্র সমালোচনা করেন। মুখ্যমন্ত্রী বলেন, সংবিধান যেমন রাজ্যপালকে কিছু ক্ষমতা দিয়েছে তেমনই নির্বাচিত সরকারেরও কিছু ক্ষমতা আছে। প্রত্যেকেরই নিজের এক্তিয়ারের মধ্যে থাকা উচিত। বিধায়কদের শপথ গ্রহণ নিয়ে এরাজ্যে সম্প্রতি যা ঘটেছে, তা নজিরবিহীন বলে দাবি করেন মুখ্যমন্ত্রী। ভগবানগোলা ও বরানগরের বিধায়কদের শপথগ্রহণকে অসাংবিধানিক আখ্যা দিয়ে রাজ্যপাল তাঁদের জরিমানার যে হুঁশিয়ারি দিয়েছেন, মুখ্যমন্ত্রী তারও তীব্র সমালোচনা করেন। তিনি বলেন, দীর্ঘদিন রাজ্যপালের অনুমোদন না পাওয়ায় অধ্যক্ষ দু দফায় যে ছজন বিধায়ককে বিধানসভায় শপথ বাক্য পাঠ করিয়েছেন তা’ বিধি মেনেই হয়েছে।

অন্যদিকে, নব নির্বাচিত বিধায়কদের শপথ গ্রহণ অসাংবিধানিক বলে বিজেপি মনে করে। বিধানসভার বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ বলেছেন, বিজেপি কোনো অসাংবিধানিক কাজের শরিক হতে চায় না।

( বাইট- শঙ্কর ঘোষ )

রাজ্যের সাংবিধানিক প্রধানকে আক্রমণ করা মুখ্যমন্ত্রীর ধারাবাহিক কর্মসূচী হয়ে দাঁড়িয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

*************************

এ’বছর দুর্গাপুজো কমিটিগুলিকে অনুদান বাবদ রাজ্য সরকার দেবে ৮৫ হাজার টাকা, গতবারের চেয়ে ১৫ হাজার টাকা বেশী। ৪৩ হাজার কমিটি এই অনুদান পাবে, এর মধ্যে ৪০ হাজার পুজো জেলার।

আগামী বছর এই অনুদান এক লক্ষ টাকা হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ঘোষণা করেছেন।

কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে আজ পুজো কমিটিগুলোর সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী জানান, পুজো কমিটিগুলি প্রতিবছর দমকলের লাইসেন্স সহ যে সমস্ত ছাড় পায়, এবছরও তা’ অব্যাহত থাকবে। বিদ্যুৎ শুল্ক ছাড়ের পরিমাণ ৬৬ শতাংশ থেকে বাড়িয়ে ৭৫ শতাংশ করার কথাও জানিয়েছেন তিনি ।

পুজোয় পদপিষ্ট হওয়ার মতো ঘটনা যাতে কোনওভাবেই না ঘটে, পুলিশ ও পুজো কমিটিকে সে ব্যাপারে মুখ্যমন্ত্রী সতর্ক করে দেন।

এ বছর দুর্গাপুজোর বিসর্জন হবে ১২ থেকে ১৪ অক্টোবর পর্যন্ত। ১৫ তারিখ রেড রোডে হবে পুজো কার্নিভাল।

************************

আজ জাতীয় সম্প্রচার দিবস। ১৯২৭ সালের আজকের দিনে ‘ইন্ডিয়ান ব্রডকাস্টিং সার্ভিসে’র মাধ্যমে ভারতে প্রথম সংগঠিতভাবে সম্প্রচার শুরু হয়। যদিও তার আগে ১৯২৩ সালের জুন মাসেই ‘রেডিও ক্লাব অফ বোম্বে’ নামে সম্প্রচার শুরু হয়েছিল। এরপর ১৯৩৬ সালে ‘ইন্ডিয়ান ব্রডকাস্টিং সার্ভিস’ রূপান্তরিত হয় ‘অল ইন্ডিয়া রেডিও’তে। যা স্বাধীনতার পরে ১৯৫৬ সালে ‘আকাশবাণী’ নামাঙ্কিত হয়। বর্তমানে সারাদেশে ৫৯১ টি কেন্দ্রের মাধ্যমে ২৩ টি ভাষায় মোট জনসংখ্যার ৯৮ শতাংশের কাছে পৌঁছে যাচ্ছে আকাশবাণী। কলকাতা বেতারের সংবাদ বিভাগের প্রাক্তন যুগ্ম অধিকর্তা ও একনিষ্ঠ শ্রোতা শঙ্কর দাশগুপ্তের মতে দেশ গঠনে রেডিওর ভূমিকা অপরিসীম।

************************

কল্যাণী স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ফুটবল লিগে মোহনবাগান সুপারজায়ান্ট ও ক্যালকাটা পুলিশ ক্লাবের মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। খেলার ৪০ মিনিটে সুহেল ভাটের দেওয়া গোলে মোহনবাগান এগিয়ে যায়। ৫৫ মিনিটে পুলিশ দলের পক্ষে রবি দাস গোল করে খেলার সমতা ফেরান।

উলুবেড়িয়ায় অন্য ম্যাচে ভবানীপুর ক্লাব ৩-০ গোলে পিয়ারলেস স্পোর্টস ক্লাবকে হারিয়ে দিয়েছে।

************************

বীরভূমের বোলপুর মহকুমা হাসপাতালে চিকিৎসায় গাফিলতিতে সদ্যোজাত এক শিশুর মৃত্যুতে অভিযোগকে কেন্দ্র করে আজ তুমুল উত্তেজনা ছড়ায়। হাসপাতাল সুপারের অফিসের সামনে দফায় দফায় বিক্ষোভ দেখান মৃতের আত্মীয়স্বজন। পরিস্থিতি সামাল দিতে ছুটে আসেন বোলপুর থানার আইসি এবং শান্তিনিকেতন ও পাঁড়ুই থানার ওসি। সঙ্গে ছিল বিশাল পুলিশ বাহিনী।
শিশু মৃত্যুর ঘটনায় এক চিকিৎসক, এক স্টাফ নার্স ও দুই শিক্ষানবিশ নার্সকে শোকজ করেছেন হাসপাতাল কর্তৃপক্ষ।

***************************************************************